

১১ রমাদান

আল্লাহ আমাদেরকে অসংখ্য নিয়ামত দিয়ে ভরিয়ে রেখেছেন। সেই সব নিয়ামত-এর কারণেই আমরা ভালোভাবে জীবন যাপন করতে পারছি। এই নিয়ামত গণনা করার সাধ্য কারো নেই। এইসব অগনিত নিয়ামতের শুকরিয়া আদায় করা মুসলিম হিসাবে আমাদের অবশ্যই কর্তব্য। কৃতজ্ঞতা প্রকাশ বা শুকরিয়া আদায়ে আল্লাহ খুশি হন।

আমরা প্রতিদিন যে খাবার খাই, তা আল্লাহর দেয়া অন্যতম এক নিয়ামত। তাই খাবার খাওয়ার পর তার শুকরিয়া আদায় করতে হবে। কীভাবে করবো সেই দুয়াও আল্লাহ আমাদের শিখিয়ে দিয়েছেন।

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنِي هَذَا، وَرَزَقَنِيهِ، مِنْ غَيْرِ حَوْلٍ مِّنِّي وَلَا قُوَّةٍ

সকল প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাকে এ আহার করালেন এবং এ রিযিক দিলেন যাতে ছিল না আমার পক্ষ থেকে কোনো উপায়, ছিল না কোনো শক্তি-সামর্থ্য।

(আবু দাউদ, নং ৪০২৫; তিরমিযী, নং ৩৪৫৮; ইবন মাজাহ, নং ৩২৮৫। আরও দেখুন, সহীহত তিরমিযী ৩/১৫৯।)

আমরা বাবা-মায়ের সাহায্য নিয়ে দুয়াটি মুখস্থ করবো ইনশাআল্লাহ, আর খাবারের পরে বলার অভ্যাস গড়ে তুলবো, ইনশাআল্লাহ।